



Dated:- 18.4.21

বলাগড় বিজয় কৃষ্ণ মহাবিদ্যালয়

Notice-180/2020-21

ছাত্রছাত্রীদের প্রতি বিজ্ঞপ্তি

করোনা মহামারীর দ্বিতীয় ঢেউ ভয়ংকর ভাবে এদেশের কমবেশি সব রাজ্যে দেখা দিয়েছে। পশ্চিমবঙ্গও তার ব্যতিক্রম নয়। এই মহাবিদ্যালয়ের দ্বিতীয়, চতুর্থ ও ষষ্ঠ সেমিস্টারের সকল ছাত্রছাত্রীকে জানানো যাচ্ছে যে, করোনা মহামারীর কারণে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের নির্দেশ অনুসারে কলেজ আপাতত বন্ধ থাকবে। ইতিমধ্যে অনলাইনে 06.4.2021 তারিখ থেকে তোমাদের বেশ কিছু ক্লাস শুরু হয়ে গেছে। তোমরা ক্লাস করছ। 19.04.21 তারিখ থেকে রুটিন অনুযায়ী অনলাইন ক্লাসের মাধ্যমে পড়াশোনা চলবে। সরকারি নির্দেশিকা পেলে কলেজে রেগুলার ক্লাসের ব্যবস্থা শুরু হবে।

অনলাইন ক্লাসগুলি তোমাদের স্মার্ট মোবাইল ফোন বা ল্যাপটপ বা ডেস্কটপ কম্পিউটারের মাধ্যমে করতে হবে। প্রতি ক্লাসের পাঠ আমাদের অধ্যাপকগণ হোয়াটস্যাপ গ্রুপে আগাম জানিয়ে দেবেন, যাতে তোমরা আগে থেকেই পড়ার বিষয়ে প্রয়োজনীয় ধারণা অর্জন করতে পারো। আমাদের অধ্যাপকগণ পাঠের সারাংশ, স্টাডি মেটেরিয়ালস আর প্রশ্নোত্তর তোমাদের দিয়ে দেবেন। অনেকের কাছে স্মার্ট ফোন না থাকতে পারে, কিন্তু তোমার নিকটস্থ বন্ধুর সঙ্গে একত্রে ক্লাসগুলো যাতে তুমি করতে পারো, সে চেষ্টা করতে হবে। একে অন্যকে সাহায্য করবে। আমাদের কলেজের ওয়েবসাইটে (www.bbkm.in) ইতিমধ্যে সেমিস্টারের রুটিন আপলোড করা হয়েছে। রুটিন মেনেই গুগল মিট-এর যে লিঙ্ক অধ্যাপকগণ দেবেন, তা দিয়ে ঢুকে সব ক্লাস করা যাবে। তোমাদের জানানোর জন্য প্রতিটি বিজ্ঞপ্তি আমাদের হোয়াটস্যাপ গ্রুপে এবং ওয়েবসাইটে নোটিশের মধ্যে দেওয়া থাকবে। তোমরা নিয়মিত কলেজ ওয়েবসাইট দেখবে। যথাসময়ে বিজ্ঞপ্তি পাওয়ার জন্য অধ্যাপক আর সহপাঠীদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। অনলাইন ক্লাস করার জন্য তোমাদের অসুবিধার কোনও কারণ নেই। যদি মোবাইল বা কম্পিউটার অপারেশনে কোনও অসুবিধা হয়, তাহলে তোমাদের বিভাগীয় অধ্যাপকদের সাহায্য নিতে পারো অথবা গণিত বিভাগের অধ্যাপক ড. বিশ্বজিৎ পাল বা বাণিজ্য বিভাগের অধ্যাপক ড. শুভম দস্তিদার স্যারের সাহায্য নিতে পারো।

করোনা মহামারী আমাদের শিক্ষা পদ্ধতিতে বিরাট পরিবর্তন এনেছে। এই মুহূর্তে আমাদের অনলাইনে পড়াশোনা চালাতে হবে। কলেজের ওয়েবসাইটে সকল অধ্যাপকের ফোন নম্বর দেওয়া আছে। তোমাদের হোয়াটস্যাপ গ্রুপেও সব অধ্যাপকের ফোন নম্বর দেওয়া আছে।

কলেজের যে কোনও নোটিশ শুধুমাত্র কলেজ ওয়েবসাইটে থাকবে। সেইজন্য তোমাদের নিয়মিত কলেজ ওয়েবসাইট দেখতে হবে। এরপরও যদি কোনও বিশেষ অসুবিধা হয়, তাহলে প্রয়োজনে অধ্যক্ষকে জানাতে পারো।

এখন খুবই গুরুত্বপূর্ণ সময়। কোনওভাবেই সময় অপচয় কোরো না। জীবনে প্রতিষ্ঠিত হতে গেলে তোমাদের নিয়মিত পাঠের মধ্যে থাকতে হবে। আমরা কলেজ থেকে অনলাইনে পড়ার জন্য এত ব্যবস্থা করছি, অথচ তোমরা কোনওরকম অনলাইন ক্লাসে আগ্রহী নও, এইরকম ছাত্র/ছাত্রীকে আমরা চিহ্নিত করব এবং তার উপস্থিতির নম্বর দেওয়ার সময়ে এগুলো আমরা বিচার করব। বহু ছাত্রছাত্রী আমাদের ওয়েবসাইটের খবর রাখে না। আমাদের কলেজের সীমিত ক্ষমতা, তাতেও ব্যববহুল ব্যবস্থা করছি কিন্তু তোমাদের উদাসীনতা আমাদের দুঃখের কারণে পরিণত হয়েছে। নতুন যুগের সঙ্গে আমাদের সম্পর্ক রেখে চলতে হবে। কোনো অসুবিধা হলে তোমার বিভাগীয় অধ্যাপকদের কাছে জানাও। তা সত্ত্বেও কিছু না হলে অধ্যক্ষকে চিঠি দিয়ে জানাও।

কলেজের রুটিন অনুযায়ী সমস্ত লাইভ ক্লাস হবে। কলেজের বি.এ. অনার্স এবং জেনারেল কোর্সের রুটিন কলেজের ওয়েবসাইটে দেওয়া আছে। বিজ্ঞান ও বাণিজ্য বিভাগ নিজ-নিজ রুটিন তোমাদের জানিয়ে দেবে। অনেকগুলি কম্পিউটার শিক্ষার ক্লাস পেশাদারি সংস্থার সাহায্যে সংগঠিত হবে। কলেজের ফিজ এখন অনলাইনে সংগ্রহ করা হবে। ফিজ প্রদানের বিজ্ঞপ্তি শীঘ্রই প্রকাশিত হবে। করোনা বিধি মেনে কলেজ লাইব্রেরি থেকে বই সংগ্রহ করা যাবে। তবে একসঙ্গে ছয় থেকে আটজনের বেশি ছাত্র-ছাত্রী কলেজে প্রবেশ করতে পারবে না।

উপরের বিজ্ঞপ্তির সারসংক্ষেপ :

★সেমিনার, ইন্টারনাল পরীক্ষা, সেমিস্টারের প্রধান পরীক্ষা ইত্যাদি কলেজ-সংক্রান্ত সমস্ত বিজ্ঞপ্তি কলেজের ওয়েবসাইটে দেওয়া হবে। তাই তোমাকে নিয়মিত কলেজ ওয়েবসাইট দেখতে হবে।

★ক্লাসরুটিন অনুযায়ী নিয়মিত ক্লাস করতে হবে। অনলাইনে প্রত্যেক ছাত্রছাত্রীর হাজিরা নেওয়া হবে।

★সরকারী নির্দেশ না পেলে এখন স্বাভাবিক ক্লাস চালু হবে না।

★তোমাদের অনলাইন ক্লাস-বিষয়ক মতামত, কোনও ক্লাস না হওয়ার সমস্যা অথবা অন্য কোনও অসুবিধা তোমরা অধ্যক্ষকে পত্র-মারফৎ জানাতে পারো। কলেজে অধ্যক্ষের ঘরের বাইরে একটি মতামত জানানোর বাক্স আছে। সেখানে তোমার নাম, বিভাগ, ক্রমিক সংখ্যা লিখে জানাতে পারো। তোমাদের মতামত জানতে না পারলে আমরা অধ্যাপকরা এই পড়াশোনার ভালোমন্দ বুঝতে পারব না।

★কলেজের ওয়েবসাইটে আমাদের কলেজের সমস্ত অধ্যাপকের ফোন নম্বর ও ইমেইল ঠিকানা দেওয়া আছে। যে-কোনও প্রয়োজনে আমাদের সঙ্গে যোগাযোগ করো।

★এই মহামারীতে আমাদের প্রযুক্তির সুযোগ নেওয়া ছাড়া আর পথ নেই। কলেজে যে হোয়াটস্যাপ গ্রুপ তৈরি হয়েছে, তাতে যার নাম নথিভুক্ত হয়নি, তার কলেজে কাউকে ফোন করার দরকার নেই। কাজের মাঝে বারংবার ফোন এলে আমাদের অসুবিধা হয়। তাই তোমরা বিভাগীয় অধ্যাপকদের হোয়াটস্যাপে বিষয়টি জানাবে। তোমার নাম, শ্রেণি, কলেজ রোল নম্বর এবং মোবাইল নম্বর তাঁদের জানালে তোমাকে গ্রুপে সংযোজন করা হবে।

★পরিশেষে বলি, করোনা বিধি মেনে চলতে হবে।

শুভেচ্ছা সহ

অধ্যক্ষ
বলাগড় বিজয়কৃষ্ণ মহাবিদ্যালয়
বলাগড়, হুগলি